

15 নভেম্বর, 2024

অতীত প্রতিবন্ধকতা অতিক্রম করে এই সুপারস্টার অ্যাডাপ্টেড/অভিযোজিত স্পোর্টস ফেনম অর্জন এবং অনুপ্রাণিত করে

বাধা অতিক্রম করার অর্থ কী মাত্র 17 বছর বয়সে Najee Smothers তা পুনরায় সংজ্ঞায়িত করেছে। স্পাইনা বিফিডা নিয়ে জন্মগ্রহণকারী Najee চ্যালেঞ্জ নির্বিশেষে সবসময় তার স্বপ্নে বাঁচতে দৃঢ়প্রতিজ্ঞ। নয় বছর বয়সে তার অবস্থা বা নিচের পা বিচ্ছিন্ন করাটা তাকে বাধা দেয়নি সে হতে পারে এমন সেরা ক্রীড়াবিদ হতে - যে যাত্রা তাকে বিশ্ব জুড়ে স্বীকৃতি এবং প্রশংসা এনে দিয়েছে।

এই গত অক্টোবরে DeKalb সিলভার স্ট্রিকস হুইলচেয়ার বাল্কেটবল দলের একজন স্ট্যান্ডআউট সদস্য Najee আটলান্টায় ষষ্ঠ বার্ষিক অ্যাডাপ্টেড স্পোর্টস প্রোগ্রামস ইন রিক্রিয়েশন অ্যান্ড এডুকেশন (ASPIRE) পুরস্কারে জর্জিয়ার সবচেয়ে মূল্যবান প্লেয়ার ওভারঅল লিগে ভূষিত হয়েছে। আমেরিকান অ্যাসোসিয়েশন অফ অ্যাডাপ্টেড স্পোর্টস প্রোগ্রাম, ইনকর্পোঃ (AAASP) আয়োজিত ASPIRE অ্যাওয়ার্ড দেশব্যাপী অভিযোজিত খেলাধুলায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ব্যক্তি এবং সংস্থাকে স্বীকৃতি দিয়ে থাকে।

"পুরস্কার জিততে পেরে খুব ভালো লেগেছে, কারণ আমি সত্যিই অনুভব করছিলাম যে আমাকে সবাই দেখছে," Najee বলে। "এই পুরস্কার পাওয়া আমার কাছে অনেক অর্থবহ, কারণ [AAASP] আসলে কতটা যত্নশীল এটি তা দেখায়, এবং তারা জানে, আমি কী করতে পারি।"

Najee-এর প্রতিভার প্রকাশ এই প্রথম নয়। গত বছর সে অ্যাডাপ্টেড স্পোর্টস লিগের জন্য 2023 সালের ASPIRE পুরুষ অ্যাথলেট অফ দ্য ইয়ার পুরস্কার পেয়েছে।

তার অ্যাথলেটিক যাত্রা শুরু হয় ছয় বছর বয়সে, যখন কেউ তার অবিশ্বাস্য গতি লক্ষ্য করে এবং তাকে DeKalb Silver Streaks হুইলচেয়ার বাল্কেটবল দলে যোগ দিতে উৎসাহিত করে। দলটি DeKalb County School District-এর অ্যাডাপ্টেড স্পোর্টস কর্মসূচির অংশ।

"আমি এভাবেই শুরু করেছি, এবং আমি তখন থেকেই এটি পছন্দ করি," সে বলে।

Silver Streaks-এর প্রধান প্রশিক্ষক Delton Schoates এই বলে Najee-কে উদ্যমী শিশু হিসাবে স্মরণ করেন যে, সে দ্রুতই খেলার প্রেমে পড়েছিল।

"সে দলের অংশ হওয়াটা পছন্দ করত। আমরা যেসব দল খেলেছি তাদের অনেকগুলো এই সুন্দর ছোট্ট বাচ্চার প্রেমে পড়েছিল, যে কোর্টের উপরে এবং নিচে খেলে থাকে," কোচ Schoates বলেন। "কখনও কখনও সে তার জার্সি পিছনের দিকে রেখেছে যা তার ট্রেডমার্ক হয়ে উঠেছে।"

সহকারী কোচ Everette Schoates Najee'র শেখার এবং নেতৃত্ব দেওয়ার ক্ষমতার প্রশংসা করেছেন।

"তার সবসময় শেখার আকাঙ্ক্ষা ছিল, এবং এমন কিছু নেই যা সে করার চেষ্টা করবে না," তিনি বলেন। "Najee একজন খেলোয়াড়-কোচ হিসেবে গড়ে উঠেছে।" সে দলকে প্রশিক্ষণ দিতে পারে, দলের হাডল পরিচালনা করতে পারে, টাইমআউট কল করতে পারে, খেলাটি সম্পর্কে জানে এবং প্রতিটি খেলার নিয়ম জানে।"

নয় বছর বয়সে তার বাম পায়ের পোড়া সংক্রামিত হলে তার পায়ের নিচের অর্ধেক কেটে ফেলা হলেও সে ধাক্কা Najee-কে ধীর করে দিতে দিতে পারেনি। বরং সে হুইলচেয়ার বাস্কেটবল, হুইলচেয়ার ফুটবল, হুইলচেয়ার হ্যান্ডবল এবং হুইলচেয়ার ট্র্যাক অ্যান্ড ফিল্ড অংশগ্রহণকারী মাল্টি-স্পোর্ট অ্যাথলিট হয়ে তার অ্যাথলেটিক সাধনা প্রসারিত করেছে।

হুইলচেয়ার হ্যান্ডবলে তার ব্যতিক্রমী পারফরম্যান্স মার্কিন জাতীয় হুইলচেয়ার হ্যান্ডবল দলের নজর কেড়েছে। যাচাইয়ের জন্য আমন্ত্রিত Najee 10-জনের তালিকায় নিজের নাম লিখিয়ে দলের সর্বকনিষ্ঠ খেলোয়াড় হয়ে ওঠে। সেপ্টেম্বরে সে [আন্তর্জাতিক হ্যান্ডবল ফেডারেশন \(IHF\) হুইলচেয়ার হ্যান্ডবল ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ](#)-এ প্রতিদ্বন্দ্বিতা করার জন্য দলের সাথে মিশরে যায়। Najee এবং দল রৌপ্য পদক নিয়ে দেশে ফিরে আসে—জাতীয় দলের হয়ে যা ছিল তার জন্য প্রথম।

"আমি সাইডলাইনে থাকা অবস্থায় দলকে সাহায্য করে এবং তাদের জন্য উল্লাস করে সত্যিই মজা পেয়েছি," সে জানায়।

গুইনেট কাউন্টির Grayson High School-এর জুনিয়র Najee কলেজে পড়ার এবং তার অ্যাথলেটিক ক্যারিয়ার চালিয়ে যাওয়ার পরিকল্পনা করেছে। সে Auburn University, University of Alabama এবং University of Wisconsin-Whitewater-এর কথা বিবেচনা করেছে। কলেজের পরে সে মার্কিন পুরুষদের হুইলচেয়ার বাস্কেটবল দলের হয়ে খেলার চেষ্টা করতে এবং জাতীয় হ্যান্ডবল দলের হয়ে খেলা চালিয়ে যেতে চায়।

Najee আশা করে যে, তার কৃতিত্ব একই ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি অন্যদের অনুপ্রাণিত করবে।

"কাউকে আপনার সম্পর্কে এটা বলতে দেবেন না যে, আপনি কিছু করতে পারবেন না," সে বলে। "চেষ্টা করুন এবং হাল ছাড়বেন না।"

ব্যতিক্রমী দৃঢ়সংকল্প এবং চেতনায় উদ্ভুদ্ধ Najee Smothers শুধু অতীতের বাধাই ঘুরিয়ে দিচ্ছে না— বরং কোনো স্বপ্নই নাগালের বাইরে নয় প্রমাণ করে সে অন্যদেরও একই কাজ করতে অনুপ্রাণিত করেছে।